2

তারিখ 14 JUL 1996
পৃষ্ঠা ১২ কলাম ৬

দৈঃ জনকণ্ঠ

# ছাত্রদের রাজনীতির হাতিয়ার হতে দেব না ॥ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জ্ঞান আহরণের সুষ্ঠু পরিবেশ সৃষ্টির জন্য ক্যাম্পাস থেকে সন্ত্রাস নির্মূলের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন। খবর বাসস'র। শনিবার বিকালে প্রধানমন্ত্রীর দফতরে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় পরিষদের (বিইউসি) প্রতিনিধি দলের সদস্যদের উদ্দেশে ভাষণদানকালে শেখ হাসিনা বলেন, ক্যাম্পাস থেকে মস্তানি দূর করতে না পারলে শিক্ষার মান উন্নয়ন হবে না।

প্রধানমন্ত্রী দেশে শিক্ষার মান কমে যাওয়ার জন্য দুঃখ প্রকাশ করেন। এ প্রসঙ্গে তিনি বলেন, এক সময়ে প্রাচ্যের অক্সফোর্ড হিসাবে পরিচিত ঢাকা বিশ্ববিদ্যালয় তার সুনাম বজায় রাখতে ব্যর্থ হয়েছে।

জাতীয় জীবনের সকল পর্যায় থেকে সন্ত্রাস নির্মূলে তাঁর সরকারের অঙ্গীকারের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, শিক্ষার পরিবেশ বিনষ্টকারী সন্ত্রাসীরা যত শক্তিশালী হোক না কেন তাদের কঠোর হাতে দমন করা হবে।

তিনি বলেন, সন্ত্রাসীদের কোন পরিচয় নেই। তারা হচ্ছে সমাজবিরোধী। দেশের বৃহত্তর স্বার্থে ক্যাম্পাসে এই চক্রকে বরদাশত করা হবে না।

শেখ হাসিনা শিক্ষার পবিত্র স্থানে অস্ত্রবাজি বন্ধে বিশ্ববিদ্যালয়ের প্রশাসনসহ সকল মহলের সহযোগিতা কামনা করেন।

প্রধানমন্ত্রী বলেন, ছাত্রদেরকে কোনভাবেই রাজনীতির হাতিয়ার হিসাবে ব্যবহার করতে দেয়া হবে না। তিনি হুঁশিয়ার করে দেন, কোন পরিস্থিতিতেই এই প্রবণতা মেনে নেয়া হবে না।

বিইউসির সভাপতি ও বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ শাহজাহানের নেতৃত্বে প্রতিনিধি দলের সদস্যরা বিশ্ববিদ্যালয় পরিস্থিতির বিভিন্ন দিক সম্পর্কে প্রধানমন্ত্রীকে অবহিত করেন। বৈঠকে দেশের সকল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য উপস্থিত ছিলেন।

প্রতিনিধি দলের সদস্যরা সেশনজট অবসানে এবং মেধা পাচার বন্ধে প্রধানমন্ত্রীর সহযোগিতা ও সাহায্য কামনা করেন। তাঁরা প্রশাসনিক ও শিক্ষা সংক্রান্ত বিষয়ে বিভিন্ন সমস্যার কথাও উল্লেখ করেন।

প্রধানমন্ত্রী তাঁদের আশ্বাস দেন যে, তাঁদের সমস্যাগুলো যথাযথভাবে দেখা হবে এবং যথারীতি ব্যবস্থা নেয়া হবে।